গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর,
নোয়াখালী।
coop.sadar.noakhali.gov.bd

**নম্বর:** ৪৭.৬১.৭৫৮৭.০০০.১৮.০০৭.২২.৪৩৫

তারিখ: ১৯ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নোটিশ**

বিষয়: **নৈতিকতা কমিটির সভার নোটিশ।**

এতদ্বারা অত্র দপ্তরের নৈতিকতা কমিটির সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ খ্রি. সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রার সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন অংশের [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্তে আগামী ১২/১১/২০২৪ খ্রি: তারিখ রোজ : মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় উপজেলা সমবায় অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী এর কক্ষে নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো।

০৪-১১-২০২৪
মিনু প্রভা ভৌমিক
উপজেলা সমবায় অফিসার
০২৩৩৪৪৯১৩৫৭
ucosadar@yahoo.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব মোহাম্মদ সামছু উদ্দিন, সহকারী পরিদর্শক ও সদস্য, নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী;
২। জনাব তৃনা দাস, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও সদস্য, নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী এবং
৩। জনাব সামছু উদ্দিন চৌধুরী, সহকারী পরিদর্শক ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী।

২০২৪-২০২৫ খ্রি. সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে ১.১: নৈতিকতা কমিটির সভার কার্যববরণী

তারিখ : ১২/১১/২০২৪ খ্রি:

# উপস্থিতি :

| ক্র: নং | কমিটির সদস্যগণের নাম ও পদবী | কমিটিতে পদবী | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মিনু প্রভা ভৌমিক<br>উপজেলা সমবায় অফিসার | আহবায়ক | |
| ২। | মোহাম্মদ সামছু উদ্দিন<br>সহকারী পরিদর্শক | সদস্য | |
| ৩। | তৃণা দাস<br>অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | সদস্য | |
| ৪। | সামছু উদ্দিন চৌধুরী<br>সহকারী পরিদর্শক | সদস্য সচিব | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর,
নোয়াখালী।
coop.sadar.noakhali.gov.bd

**নৈতিকতা কমিটির সভার কার্যপত্রঃ**

---

| | |
|---|---|
| সভাপতি | মিনু প্রভা ভৌমিক<br>উপজেলা সমবায় অফিসার |
| সভার তারিখ | **১২/১১/২০২৪ খ্রি:** |
| সভার সময় | **সকাল ১০:০০ ঘটিকা** |
| স্থান | উপজেলা সমবায় অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী এর অফিস কক্ষ। |
| উপস্থিতি | ... |

| ক্র: নং | কমিটির সদস্যগণের নাম ও পদবী | কমিটিতে পদবী | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মিনু প্রভা ভৌমিক<br>উপজেলা সমবায় অফিসার | আহবায়ক | স্বাক্ষরিত/- |
| ২। | মোহাম্মদ সামছু উদ্দিন<br>সহকারী পরিদর্শক | সদস্য | স্বাক্ষরিত/- |
| ৩। | তৃণা দাস<br>অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | সদস্য | স্বাক্ষরিত/- |
| ৪। | সামছু উদ্দিন চৌধুরী<br>সহকারী পরিদর্শক | সদস্য সচিব | স্বাক্ষরিত/- |

শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি কর্তৃক আয়োজিত ১২/১১/২০২৪ খ্রি: তারিখের সভায় সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটি সভা আয়োজন | সভায় প্রতি কোয়ার্টার অর্থাৎ প্রতি ০৩ মাসে একটি করে মোট ০৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করার বাধ্যবাধকতা বিষয়ে আলোচনা হয়। | প্রতি কোয়ার্টার অর্থাৎ প্রতি ০৩ মাসে একটি করে নৈতিকতা কমিটির সভা আয়োজনের সিদ্ধান্তের প্রেক্ষিতে ইতোমধ্যে চলতি সভা সহ মোট ০২ টি সভা আয়োজিত হয়েছে। | শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ০২ টি সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। যার মধ্যে ২য় কোয়ার্টারের ০১ টি সভা বিগত ১৭/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে ও ৪র্থ কোয়ার্টারের সভার তারিখ নির্ধারণের জন্য আলোচনা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী  সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪র্থ কোয়ার্টারের সভা আগামী ১৭/০৪/২০২৫ খ্রি. তারিখে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ২য় ও ৪র্থ কোয়ার্টারে ১টি করে মোট ০২ টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে মর্মে সদস্য সচিব জানান। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে জেলা সমবায় অফিস কর্তৃক আজেন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য ইতোমধ্যে জেলা সমবায় অফিস কর্তৃক বিগত ০৮/০৯/২০২৪ খ্রি. তারিখে ০১টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি |
| ১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন (পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা) | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ৩১/১২/২০২৪ খ্রি. ও ৩০/০৬/২০২৫ খ্রি: তারিখে কর্মপরিবেশ উন্নয়ন (পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা) কার্যক্রম পরিচালনার বাধ্যবাধকতা রয়েছে মর্মে সদস্য সচিব জানান। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে ১২/১২/২০২৪ খ্রি. তারিখে পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি বিষয়ক সভা এবং ১২/০৬/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ৪র্থ শ্রেণীর কর্মচারীর দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার নীতিগত সিদ্ধান্ত হয়েছে। | শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি |
| ২.১ ২০২৪-২৫ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ৩১/০৭/২০২৪ খ্রি: তারিখের মধ্যে ২০২৪-২০২৫অর্থ বছরের ক্রয় পরিকল্পনা প্রনয়ন ও ওয়েব সাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে মর্মে সদস্য সচিব জানান। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ৩১/০৭/২০২৪ খ্রি: তারিখের মধ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা প্রনয়ন ও ওয়েব সাইটে প্রকাশের বাধ্যবাধকতা থাকায় বিগত ২৯/০৭/২০২৪ খ্রি: তারিখে অত্র উপজেলার ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে মর্মে সদস্য সচিব জানান। | বাস্তবায়িত |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণের বাধ্যবাধকতা রয়েছে মর্মে সদস্য সচিব জানান। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি |

সভার অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩-১১-২০২৪
মিনু প্রভা ভৌমিক
উপজেলা সমবায় অফিসার
০২৩৩৪৪৯১৩৫৭
ucosadar@yahoo.com

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪৭.৬১.৭৫৮৭.০০০.১৮.০০৭.২২.৪৫৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব সামছু উদ্দিন চৌধুরী, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী;
২। জনাব মোহাম্মদ সামছু উদ্দিন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী এবং
৩। জনাব তৃনা দাস, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী।

১৩-১১-২০২৪
মিনু প্রভা ভৌমিক
উপজেলা সমবায় অফিসার